যায়যায়দিন

19 SEP 2009
তারিখ 20 SEP 2008
পৃষ্ঠা

# ডিজিটাল ভর্তি পরীক্ষার কারিগরি দিক

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এসএমএস (সর্ট মেসেজ সার্ভিস) ভিত্তিক রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালু করার মাধ্যমে একটি যুগান্তকারী মাইলফলক স্থাপন করেছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার পথে এটি প্রথম কাজ হিসেবে সবার দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। এ প্রক্রিয়াটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জটিলতা লাঘব করার সঙ্গে সঙ্গে বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিনিস্ট্রেশনের কাজ অনেক সহজতর এবং গতিশীল হয়েছে। অনেক বিশ্ববিদ্যালয়েই সত্যতা যাচাই করার জন্য একজন শিক্ষার্থীকে সশরীরে তার এসএসসি এবং এইচএসসির সনদপত্র জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নিতে হয়। কিন্তু শাবিপ্রবি শিক্ষার্থীদের বোর্ড পরীক্ষার ডাটাবেজ ব্যবহার করেই তাদের সব তথ্য জেনে নিতে পারছে। এ কারণেই এসএমএসভিত্তিক রেজিস্ট্রেশন প্রক্রিয়া বাস্তবতার মুখ দেখতে সক্ষম হয়েছে। শাবিপ্রবির সিএসই বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহম্মদ জাফর ইকবালের সার্বিক তত্ত্বাবধানে একই বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা এ প্রক্রিয়াটিকে সম্ভবপর করে তুলে ভবিষ্যতের ডিজিটাল বাংলাদেশের একটি উজ্জ্বল উদাহরণ স্থাপন করেছেন।



বোর্ড পরীক্ষার ডাটাবেজ থেকে একজন শিক্ষার্থীর এসএসসি এবং এইচএসসি পরীক্ষার তথ্য জেনে নেয়া মোটেও সহজ কাজ নয়। এর মূল কারণ এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন করার সময় কোনো শিক্ষার্থীকে তার এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন সংক্রান্ত কোনো তথ্য দিতে হয় না। এ কারণেই এসএসসি এবং এইচএসসির ডাটাবেজে একজন শিক্ষার্থীর এন্ট্রি করা পরীক্ষার ফলাফলের মধ্যে কোনো ধরনের কানেক্টিভিটি নেই। অতএব কোনো একজন শিক্ষার্থীর জন্য তার এসএসসি এবং এইচএসসি-এর ফলাফল তার দুটি পরীক্ষার সনদপত্র ছাড়া জানা প্রায় অসম্ভব। এ কারণেই বোর্ড থেকে যে ডাটাবেজ শাবিপ্রবি সংগ্রহ করেছে তা একরকম দুঃসাধ্যই ছিল। আবার যখন শিক্ষার্থী অথবা তার পিতামাতার নামের বানানে ভুল থাকে তখন পরিস্থিতি আরো শোচনীয় হয়ে যায়। সিএসই বিভাগের সফটওয়্যার হাউজের প্রোগ্রামাররা উপরোক্ত সমস্যা সমাধানকল্পে প্যাটার্ন ম্যাচিং, হ্যাশিং এবং কম্বিনেটরিকস ব্যবহার করে। এর ফলাফল হিসেবে, এসএসসি ০৬, ০৭ এবং এইচএসসি ০৮, ০৯-এর মোট ১০টি ডাটাবেজের একত্রীকরণ করে শাবিপ্রবির ভর্তি পরীক্ষার জন্য উপযুক্ত শিক্ষার্থীদের এসএসসি এবং এইচএসসির ফলাফলের ম্যাপিংসহ একটি ডাটাবেজ তৈরি করতে সক্ষম হয়। এ ডাটাবেজটি মোবাইল ফোন টেলিটক বাংলাদেশ লিমিটেডে স্থাপন করা হয়েছে।

এসএমএসভিত্তিক রেজিস্ট্রেশনের জন্য একজন শিক্ষার্থীকে তার বোর্ড নামের প্রথম তিন অক্ষর, তারপর একটি স্পেস, তারপর এইচএসসির রোল নাম্বার, তারপর একটি স্পেস, এইচএসসি পরীক্ষার সাল, তারপর একটি স্পেস, তারপর ভর্তি পরীক্ষার ইউনিট লিখে যেকোনো প্রিপেইড টেলিটক নাম্বার থেকে ৭৮৭-এ এসএমএস করে প্রয়োজনীয় ভর্তি ফি দিয়ে রেজিস্ট্রেশন করতে পারবে। উল্লেখ্য, খুবই অল্পসংখ্যক শিক্ষার্থীর ক্ষেত্রে ফিরতি এসএমএসে, এসএসসিএর বোর্ড, রোল এবং পরীক্ষার সাল চাওয়া হতে পারে। কারণ কিছু শিক্ষার্থীদের ডাটাবেজে দেয়া তথ্যে অসামঞ্জস্যতা লক্ষ্য করা গেছে। তবে যেকোনো ক্ষেত্রেই, ফিরতি এসএমএসে দেয়া ইনস্ট্রাকশন ঠিকমতো পালন করলেই রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে যাবে। এছাড়া Sust help লিখে যেকোনো মোবাইল নাম্বার থেকে ২৭৭৭-এ এসএমএস করে ভর্তি সংক্রান্ত সব তথ্য জানা যাবে। www.sust.edu বিশ্ববিদ্যালয়ের ওয়েব ঠিকানা।

ড. মুহম্মদ জাফর ইকবালের তত্ত্বাবধানে এ প্রকল্পটিকে সফল করার জন্য কাজ করেছেন সিএসই বিভাগের প্রভাষক মো. রুহুল আমিন, আবু আওয়াল, মো. শোয়েব এবং শিক্ষার্থীরা হলেন চতুর্থ বর্ষ দ্বিতীয় সেমিস্টারের মো. মহিউদ্দিন মিশু এবং তৃতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টারের বুরহান, চিশতি ও জেরিন।

মো. রুহুল আমিন
*প্রভাষক, সিএসই বিভাগ, শাবিপ্রবি*